

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৩২

অমরপুর, ১০ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা

অমরপুর মহকুমায় সভা

অমরপুর মহকুমা শাসকের কার্যালয়ে আজ বিকশিত ভারত সংকল্প যাত্রা ও দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন অভিযান নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন অমরপুর নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, অমরপুর বিএসি'র চেয়ারম্যান রবিন্দ্র জমাতিয়া, মহকুমা শাসক প্রশান্ত বাদল নেগি ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় মহকুমা শাসক জানান, প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০ উপলক্ষ্যে মহকুমায় ওয়ার্ড, গ্রামপঞ্চায়েত ও ব্লকে বিকাশ সভার কাজ ১৪ নভেম্বরের মধ্যে শেষ করা হবে। বিকশিত ভারত সংকল্প যাত্রা কর্মসূচিকে সফল করে তুলতে একজন নোডাল অফিসারের নেতৃত্বে একটি প্রতিনিধি দল বাড়ি বাড়ি সমীক্ষার কাজ করবে। এই কর্মসূচিতে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ জনসাধারণের কাছে পৌঁছে দিতে উদ্যোগ নেওয়া হয়েছে। সমীক্ষায় দেখা হবে কারা এখনও বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ থেকে বাদ পড়ে গেছেন। প্রতি ঘরে সুশাসন অভিযানে সুশাসন শিবির ও বিকাশ মেলা অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*